অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

প্রশাসনিক পদে নিয়োগের জন্য গভর্নর হোকলের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ প্রশাসনে নতুন নিয়োগ সম্পর্কে ঘোষণা করেছেন।

"কোভিড-19 মহামারী থেকে ফিরে আসার এই সময়ে, নিউ ইয়র্কবাসীদের কাছে ফলাফল পৌঁছে দেয়া এবং তাদের সমস্যাগুলো সমাধানের উদ্দেশ্যে আমার সঙ্গে কাজ করার জন্য সবচেয়ে নিবেদিত ও যোগ্যতাসম্পন্ন জনগণের সেবকদের নিয়োগ দেয়ার ব্যাপারে আমি অঙ্গীকারাবদ্ধ," **বলেছেন গভর্নর হোকল।** "তানিয়া দিসানায়েকে, মার্কোস গঞ্জালেস সোলার, এবং জেমস ক্যাটজ আমার প্রশাসনে সমৃদ্ধ ও বৈচিত্র্যপূর্ণ অভিজ্ঞতা বয়ে আনতে যাচ্ছেন এবং নিউ ইয়র্ক স্টেটের জনগণের সেবায় তারা যে অসাধারণ মেধা সঙ্গে আনবেন সেজন্য তাদেরকে নিয়োগ দিতে পেরে আমি গর্বিত।"

তানিয়া দিসানায়েকে ডেপুটি সেক্রেটারি ফর হাউজিং নিযুক্ত হয়েছেন। তানিয়া সর্বশেষ নিউ ইয়র্ক সিটি মেয়রের অফিস অব স্টেট লেজিসলেটিভ অ্যাফেয়ার্স (Office of State Legislative Affairs)-এর ডেপুটি ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করেছেন, যেখানে তিনি নিউ ইয়র্ক সিটিকে প্রভাবিতকারী গুরুত্বপূর্ণ বিষয়গুলো সম্পর্কে ডিরেক্টর এবং উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তাদের উপদেষ্টা হিসেবে ভূমিকা পালন করেছেন এবং একই সময়ে এই অফিসের লেজিসলেটিভ রিপ্রেজেন্টেটিভ ও সিনিয়র উপদেষ্টাদের তত্ত্বাবধানে সাহায্য করেছেন। তানিয়া 2016 সালে সিটিতে যোগদান করেন, যেখানে তিনি বিভিন্ন পদে দায়িত্ব পালন করাকালীন পঞ্চাশটি পর্যন্ত সিটি সংস্থা ও কর্তৃপক্ষের পোর্টফোলিও ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেছেন। তানিয়া প্রধানত আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (Department of Housing Preservation & Development), নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority), অর্থনৈতিক উন্নয়ন কর্পোরেশন (Economic Development Corporation), আবাসন উন্নয়ন কর্পোরেশন (Housing Development Corporation), ডিপার্টমেন্ট অব সিটি প্ল্যানিং (Department of City Planning), ডিপার্টমেন্ট অব ফিন্যান্স (Department of Finance), ডিপার্টমেন্ট অব বিল্ডিংস (Department of Buildings), ফায়ার ডিপার্টমেন্ট অব নিউ ইয়র্ক (Fire Department of New York), এবং মেয়রের অফিস অব স্পেশাল এনফোর্সমেন্ট (Mayor's Office of Special Enforcement)-এর স্টেট পর্যায়ের আন্তঃসরকার কার্যক্রম এগিয়ে নিয়ে গেছেন। সিটিতে দায়িত্ব পালনের আগে, তানিয়া উইলসন এলসার মস্কোউইটজ এডেলম্যান এন্ড ডিকার LLP (Wilson Elser Moskowitz Edelman & Dicker LLP)-এর লেজিসলেটিভ ডিরেক্টর ছিলেন এবং নিউ ইয়র্ক স্টেট সিনেটে তার ক্যারিয়ার শুরু করেছিলেন। তানিয়া SUNY ইউনিভার্সিটি অ্যাট আলবানি অনার্স কলেজ (SUNY University at Albany Honors College)

থেকে সর্বোচ্চ সম্মানের সঙ্গে পাবলিক ল কনসেন্ট্রেশনে পলিটিকাল সায়েন্স মেজর নিয়ে ব্যাচেলর অব আর্টস ডিগ্রি অর্জন করেন।

মার্কোস গঞ্জালেস সোলার জন নিরাপত্তা বিষয়ক ডেপুটি সেক্রেটারি নিযুক্ত হয়েছেন। মার্কোস সর্বশেষ নিউ ইয়র্ক সিটির মেয়রের অফিস অব ক্রিমিনাল জাস্টিস (Mayor's Office of Criminal Justice, MOCJ) এর ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করেছেন যেখানে তিনি 2015 সাল থেকে দায়িত্বরত ছিলেন। MOCJ জন নিরাপত্তা সংক্রান্ত কৌশলগুলো সম্পর্কে মেয়রকে পরামর্শ প্রদান করে থাকে, এবং সরকারের অভ্যন্তরীণ ও বহিরাগত অংশীদারদের সঙ্গে নিয়ে সিটির জন নিরাপত্তা সংক্রান্ত সমস্যাগুলোর সমাধান প্রণয়ন করে। মার্কোস 950 মিলিয়ন ডলারের বাজেট, 180 জন কর্মচারী, এবং 500টিরও বেশি কন্ট্রাক্টের মাধ্যমে 300টিরও বেশি কমিউনিটিভিত্তিক সংস্থা ও অলাভজনক সংস্থার সঙ্গে অংশীদারিত্ব সহ এই কার্যালয়ের কার্যক্রম ও কর্মসূচি তত্ত্বাবধানের দায়িত্ব পালন করেছেন। তার নেতৃত্বের অধীনে, যুক্তরাষ্ট্রের কোষাগার বিভাগ (Department of the Treasury) নিউ ইয়র্ক সিটিকে কমিউনিটি-ভিত্তিক মধ্যস্থতার মাধ্যমে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনতে এটির উদ্যোগের জন্য সোশ্যাল ইমপ্যাক্ট পার্টনারশিপ টু পে ফর রেজাল্টস অ্যাক্ট (Social Impact Partnership to Pay for Results Act, SIPPRA) কর্মসূচির অধীনে 20 মিলিয়ন ডলারের ইনোভেশন অ্যাওয়ার্ড প্রদান করেছে - যেটি এধরনের দ্বিতীয় জাতীয় পুরস্কার। এছাড়াও তিনি জন জে কলেজ অব ক্রিমিনাল জাস্টিস (John Jay College of Criminal Justice, CUNY)-এ একজন অ্যাডজাঙ্কট অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবে কর্মরত আছেন। মার্কোস এর আগে সিভিলিয়ান কমপ্লায়েন্ট রিভিউ বোর্ড (Civilian Complaint Review Board)-এর ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর ফর পলিসি হিসেবে এবং পুয়ের্তো রিকো পুলিশের টেকসই পুনর্গঠন চুক্তিতে একজন ডেপুটি ফেডারেল মনিটর হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি নিউ ইয়র্ক সিটি লিডারশিপ ইনস্টিটিউট (New York City Leadership Institute)-এর একজন গ্র্যাজুয়েট এবং মেয়রের গ্র্যাজুয়েট স্কলারশিপ (Mayor's Graduate Scholarship) কর্মসূচির একজন গ্রহীতা। মার্কোস দ্যা নিউ স্কুল ইউনিভার্সিটি (The New School University) (নিউ ইয়র্ক) থেকে সরকারি নীতিমালা ও ব্যবস্থাপনা বিষয়ে মাস্টার্স ডিগ্রি এবং রাজনীতি বিজ্ঞানে Ph.D. ডিগ্রি অর্জন করেছেন। তিনি রাজনীতি বিজ্ঞানে সেরা গবেষণা নিবন্ধের জন্য হান্নাহ অ্যারেন্ডট পুরস্কার অর্জন করেছেন। তিনি একাধিক ইউরোপীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও আইন বিষয়ে ডিগ্রি অর্জন করেছেন।

জেমস ক্যাটজ অর্থনৈতিক উন্নয়ন ও কর্মীদল বিষয়ক ডেপুটি সেক্রেটারি নিযুক্ত হয়েছেন। তিনি অফিস অব দ্যা ম্যানহাটন বরো প্রেসিডেন্ট (Office of the Manhattan Borough President) থেকে এক্সিকিউটিভ চেম্বারে যোগদান করেছিলেন, যেখানে তিনি ডেপুটি বরো প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং উচ্চ মানের ভূমি ব্যবহার সম্পর্কিত আলোচনায় নেতৃত্ব দিয়েছেন, নিউ ইয়র্ক সিটির কর্মচারীদের অবসরগ্রহণের সিস্টেমের (Employees' Retirement System) ট্রাস্টি ও অডিট সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন, এবং সিটির অনেকগুলো পার্ক সংরক্ষণ ও ব্যবসায়িক উন্নয়ন ডিস্ট্রিক্টের বোর্ডে বরো প্রেসিডেন্টের প্রতিনিধিত্ব করেছেন। বরো প্রেসিডেন্টের কার্যালয়ে যোগদানের আগে ক্যাটজ সাত বছর ধরে নিউ ইয়র্ক সিটির অর্থনৈতিক উন্নয়ন কর্পোরেশনে (NYCEDC) এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং চিফ অব স্টাফ হিসেবে কর্মরত ছিলেন। উক্ত দায়িত্ব পালনকালে তিনি কর্পোরেশনের একজন সিনিয়র কর্মকর্তা ছিলেন এবং নিউ ইয়র্ক সিটির উচ্চ পর্যায়ের ভূমি

ব্যবহার, বৃহৎ নির্মাণ প্রকল্প এবং অর্থনৈতিক উন্নয়ন প্রচেষ্টার অনেকগুলোতে কেন্দ্রীয় ভূমিকা পালন করেছেন। তিনি প্রধানত NYCEDC-এর সি-স্যুইটের পাশাপাশি কৌশলগত বিনিয়োগের গ্রুপ সহ চারটি বিভাগের (NYCEDC-এর মিশন-নির্ভর বিনিয়োগের শাখা) এবং এটির সরকার ও কমিউনিটির সম্পর্ক, পাবলিক অ্যাফেয়ার্স, ও বিপণন বিভাগের দৈনন্দিন ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেছেন। একজন প্রশিক্ষণপ্রাপ্ত আইনজীবী হিসেবে, ক্যাটজ স্টেট সার্ভিসে ফিরে আসতে যাচ্ছেন যার আগে তিনি নিউ ইয়র্ক স্টেটের অ্যাটর্নি জেনারেলের সিনিয়র উপদেষ্টা ও বিশেষ কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করেছেন, যেখানে তিনি অলাভজনক শাসনকার্য ও জনসাধারণের প্রতি সততার সাথে সম্পর্কিত আইন প্রয়োগ ও প্রণয়ন সংক্রান্ত বিষয়গুলো নিয়ে কাজ করেছেন। ক্যাটজ হার্ভার্ড ল স্কুল (Harvard Law School) থেকে JD ডিগ্রি, হার্ভার্ড কেনেডি স্কুল (Harvard Kennedy School) থেকে মাস্টার ইন পাবলিক পলিসি এবং ব্রাউন ইউনিভার্সিটি (Brown University) থেকে ব্যাচেলর ডিগ্রি অর্জন করেছেন। তিনি তার স্ত্রী ও দুই সন্তানের সঙ্গে ব্রুকলিনে বাস করেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418